The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 864 | 04 April 2025 | শুক্রবার ২১ চৈত্র ১৪৩১



Trump sounds dead serious about a third term, no matter what's in the Constitution >> Page 19

Shakib's simple Eid with family and friends >> Page 18





Hochul announces $160M in upgrades to Q70 LaGuardia Link bus line >> Page 19

EU has 'strong plan' to retaliate to US tariffs if 'necessary' >> Page 18



# সিডিপ্যাপ সার্ভিসের ভাগ্য নির্ধারণ আজ

আজকাল রিপোর্ট



আজকাল রিপোর্ট হোম কেয়ার সার্ভিসের ভাগ্য নির্ধারিত হবে আজ শুক্রবার ৪ এপ্রিল। সিডিপ্যাপ এজেন্সীগুলো আগামীতে এফ আই (ফিস্কাল ইন্টারমেডিয়ারি) হিসেবে কাজ করতে পারবে কিনা, নাকি পিপিএল একাই এফ আই সিডিপ্যাপ হিসেবে কাজ করবে তা নির্ধারিত হবে আজ। নিউইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্টের সিদ্ধান্ত অনুসারের সিডিপ্যাপ পরিচালনার দায়িত্ব পায় পিপিএল। ডিপার্টমেন্ট সকল সিডিপ্যাপ এজেন্সীর পারমিশন বাতিল করে। ৩১ মার্চের মধ্যে রোগীদের পিপিএল স্থানান্তরের শেষ তারিখ ছিল।স্টেট গর্ভনমেন্ট ও হেলথ ডিপার্টমেন্টের এই সিদ্ধান্তের বিরুদ্ধে বিভিন্ন হোম কেয়ার এজেন্সী মামলা দায়ের করে। ইস্টার্ন ডিস্ট্রিক্টের একটি ফেডারেল কোর্ট গত সোমবার ৩১ মার্চ পিপিএল এ নতুন করে রেজিস্ট্রেশন স্থগিত ঘোষণা করে। আজ শুক্রবার উভয় পক্ষের শুনানী শেষে আদালত রায় প্রদান করতে পারেন। ধারণা করা হচ্ছে, পিপিএল'র কাছে স্থানান্তরের মেয়াদ আরও বাড়তে পারে। তা হতে পারে সেপ্টেম্বর পর্যন্ত। এতে সিডিপ্যাপ এজেন্সীগুলোর সাথে এখনও যেসব রোগী রয়েছেন তাদের সেবা দিতে পারবেন। তবে ২ লাখ ৬০ হাজার রোগীর মধ্যে ২ লাখই ইতোমধ্যে পিপিএল এর সাথে রেজিস্ট্রিকৃত। তারা তাদের সেবা পিপিএল এর মাধ্যমেই পেতে থাকবেন। প্রায় ২০ হাজার আবেদন এখনও প্রক্রিয়াধীন আছে। পিপিএল জানিয়েছে, রেজিস্ট্রেশনে কিছু সময় লাগছে। এটা সম্পন্ন হলে ব্যাক পে সহ বকেয়া পেমেন্ট প্রদান করা হবে। এতে উদ্বিগ্ন হবার কিছু নেই। নিউইয়র্কের ৬৮০টি সিডিপ্যাপ এজেন্সী একক পিপিএল এর মাধ্যমে সিডিপ্যাপ সেবা পরিচালনার বিপক্ষে। তাদের দাবি ইকুয়াল জাস্টিসের মাধ্যমে ব্যবসা করার সুযোগ দেয়া হোক। একক এরপর ৩৮ পৃষ্ঠায়



# যমুনায় ডুববে ইউনূসের অর্জন!

মনোয়ারুল ইসলাম

যমুনার কর্মকান্ড বাংলাদেশের সাধারন মানুষকে ভাবিয়ে তুলছে। অর্ন্তবর্তীকালীন সরকারের প্রধান অধ্যাপক ড. ইউনূসের কার্যালয় যমুনা। আকাশচুম্বি জনপ্রিয়তায় তিনি। ১৮ কোটি মানুষের ভরসার নামটি ইউনূস। পতিত শেখ হাসিনা সরকারের দূর্নীতি ও অর্থপাচার করে তলাবিহীন ঝুড়ির দেশটিকে মেরামতের ভার পড়েছে তার ওপর। এরপর ৩৮ পৃষ্ঠায়



ইউনূস ম্যাজিক

# ট্রাম্প মোদিতে হতাশ আ. লীগ

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিতে হতাশ আওয়ামী লীগ। ট্রাম্প নির্বাচনে জয়লাভ করায় বেজায় খুশি হয়েছিল ক্ষমতাচ্যুত দলটি। তাদের ধারণা ছিল ভিসা নিষেধাজ্ঞা ও অর্থনৈতিক বিধিনিষেধ আরোপ করে ইউনূস এরপর ৩৬ পৃষ্ঠায়

# মেয়র অ্যাডামসের দুর্নীতি মামলা খারিজ

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামসের বিরুদ্ধে আনা ফেডারেল দুর্নীতি মামলাটি স্থায়ীভাবে খারিজ হয়ে গের। ফেডারেল জজ ডেল হো গত ২ এপ্রিল বুধবার মামলাটি "উইথ প্রিজুডিস" (স্থায়ী বাতিল) ঘোষণা করেন, যার অর্থ অ্যাডামসকে একই অভিযোগে ভবিষ্যতে আর কখনও অভিযুক্ত করা যাবে না। এই রায়ের মধ্য দিয়ে দীর্ঘ ৮ মাসের আইনি অনিশ্চয়তার অবসান হয়েছে ডেমোক্র্যাট মেয়রের জন্য। তিনি ২০২৫ সালে মেয়র নির্বাচনে দ্বিতীয় মেয়াদে লড়বার প্রস্তুতি নিচ্ছেন।
গত সেপ্টেম্বরে অ্যাডামসের বিরুদ্ধে পাঁচটি অভিযোগ আনা হয়: ঘুষ, ষড়যন্ত্র, এবং এরপর ৩৮ পৃষ্ঠায়



# নিউইয়র্ক সিটি মেয়রের উদ্যোগে বাংলাদেশ হেরিটেজ উৎসব অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক সিটি মেয়র এরিক এডামসের উদ্যোগে উৎসবমুখর পরিবেশে উদযাপিত হলো 'বাংলাদেশ হেরিটেজ ডে'। বাংলাদেশি কমিউনিটির ৪ শতাধিক বিশিষ্ঠ ব্যক্তিবর্গ এতে মেয়রের আমন্ত্রিত অতিথি হিসেবে অংশ নেন।ইস্ট রিভারের পাড়ে মেয়রের সরকারি আবাসিক বাসভবন 'গ্রেসি ম্যানসন' এ গত ৩ এপ্রিল বৃহস্পতিবার এ অনুষ্ঠানের আয়োজন ছিল। ভবনটি সাজানো হয়েছিল বাংলাদেশি সাহিত্য ও সংস্কৃতির আদলে। বিকেল থেকে সন্ধ্যা পর্যন্ত সেখানে প্রবাসী বাংলাদেশি শিল্পীরা সংগীত পরিবেশন করেন। রানু নেওয়াজ ও অনিক রাজের সংগীতের মূর্ছনায় এরপর ১৪ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
RAJIB AHMED, PRESIDENT & CEO, LICENSED REAL ESTATE EXPERT
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting, IRS Enrolled Agent, IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA, President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE
# নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight HealthSystem
Anthem.
Hamaspik MANAGED CARE
MetroPlusHealth
SWH Senior Whole Health.





**FUHAD HUSSAIN**
LIFE & HEALTH INSURANCE AGENT



**MOHAMMAD ZAHID ALAM**
CHIEF FINANCIAL OFFICER



**SHAH NAWAZ MBA**
PRESIDENT & CEO

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

A SISTER CONCERN OF SHAH NAWAZ GROUP

Design by: ihopeprint.com, 929-538-7903


সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা

CALL US NOW:
**718-516-3425**

SNG SHAH NAWAZ GROUP

## CONTACT US:

Off: 718-516-3425 | FAX: 646-568-6474
newyorksadc.com | intake@ny-sadc.com
116-33 Queens Blvd, Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suite C, Ozone Park, NY 11416


Five Star Banquet Hall
BANQUET
5 BANQUET
RESTAURANT
ফাইভস্টার ব্যানকুইট
আভিজাত্যের প্রতিষ্ঠান
> Weddings > Events > Catering
> আমাদের শেফ বাংলাদেশী
> আমরা হালাল ফুড পরিবেশন করি
> আমরা বাংলা সহ সব ভাষায় কথা বলি
13-05 43rd Ave
Queens, NY 11101
718-704-4243
718-784-8484
www.5starbanquethall.com
উৎসব হোক
জমজমাট
খাবার হোক
মনোমুগ্ধকর
ফাইভস্টার ব্যানকুইট হল

# জুলাই হত্যাকাণ্ড কি জেনোসাইডের সংজ্ঞার মধ্যে পড়ে

আরিফ রহমান

“পাশাপাশি গ্রেগরি স্ট্যান্টনের ‘Eight Stages of Genocide’ মডেল অনুযায়ীও পুরো ঘটনাপ্রবাহ বিশ্লেষণ করলে পরিষ্কার হয়ে ওঠে, এটি কোনো অনিয়ন্ত্রিত সহিংসতা নয় বরং পরিকল্পিত নির্মূলকরণ। একাডেমিক ও নৈতিক যুক্তিতে এ ঘটনা যে গণহত্যা, সে বিষয়ে সন্দেহের অবকাশ নেই। ভবিষ্যতে এ ধরনের নৃশংসতার পুনরাবৃত্তি ঠেকাতে, ক্ষতিগ্রস্তদের ন্যায়বিচার নিশ্চিত করতে এবং ইতিহাসের কাছে সত্যটা তুলে ধরতে একে গণহত্যা হিসেবেই পরিচিত করা উচিত। রাষ্ট্র পরিচালিত নিষ্ঠুর বলপ্রয়োগ যে কতটা ভয়ংকর রূপ নিতে পারে, বাংলাদেশে ২০২৪ সালের ঘটনাই তার এক গভীর শিক্ষা। এই শিক্ষা থেকে বিশ্বজনমতের উচিত ব্যাপক গণহারে হত্যার বিরুদ্ধে দৃঢ় অবস্থান নেওয়া-তা যে পরিচয়ের ওপরেই করা হোক না কেন”

বাংলাদেশে ২০২৪ সালের জুলাই-আগস্ট সময়কালে সংঘটিত সহিংস হত্যাযজ্ঞ আন্তর্জাতিক মহলে ব্যাপক আলোচনার জন্ম দিয়েছে। সরকার-নিয়ন্ত্রিত বাহিনী ও ক্ষমতাসীন দলের সমর্থক গোষ্ঠী যেভাবে নিরস্ত্র শিক্ষার্থী ও সাধারণ মানুষের ওপর নির্বিচার গুলি চালিয়েছে, তা গোটা পৃথিবীর ইতিহাসে এক নজিরবিহীন ঘটনা হিসেবে বিবেচিত হচ্ছে।



বহু আন্তর্জাতিক সংস্থা এ ঘটনাকে ‘ভয়াবহ রাষ্ট্রীয় দমন-পীড়ন’ বলে চিহ্নিত করলেও কোনো কোনো দেশ আরও এক ধাপ এগিয়ে একে সরাসরি ‘গণহত্যা’ হিসেবে অভিহিত করছে। এ নিবন্ধে আমরা আধুনিক গবেষকদের সংজ্ঞা ও তত্ত্বের আলোকে দেখব আমরা এ ঘটনাকে পরিকল্পিত গণহত্যা বলতে পারি কি না? ২০২৪ সালের মাঝামাঝি সময়ে মুক্তিযোদ্ধা কোটা পুনর্বহালের একটি রায় সামনে আসার পর শিক্ষার্থীরা ব্যাপকভাবে বিক্ষোভ শুরু করেন। তাঁরা মনে করেছিলেন, এই কোটা স্বচ্ছ নিয়োগব্যবস্থা ও মেধার মূল্যায়নে অন্তরায় সৃষ্টি করবে এবং দলীয় সুবিধা পাওয়ার পথ খুলে দেবে। রাজধানীর ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শুরু করে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এই বিক্ষোভ ছড়িয়ে পড়ে। কিন্তু ১৫ জুলাইয়ের পর রাষ্ট্রীয় বাহিনী ও শাসক দলের ছাত্রসংগঠন ছাত্রলীগের ক্যাডাররা একযোগে এই আন্দোলনকে দমনে নামে। দ্রুতই সরকারের পদক্ষেপ রণাঙ্গনের রূপরেখা নেয়। শুরু হয় ইন্টারনেট বিচ্ছিন্ন করা, কারফিউ জারি করা আর ছাত্রদের ওপর গণহারে গুলিবর্ষণ। জাতিসংঘের তথ্যানুযায়ী, এই কয়েক সপ্তাহে প্রায় ১ হাজার ৪০০ মানুষ নিহত হয়েছেন, যাঁদের বড় অংশই তরুণ শিক্ষার্থী। এ সময় অনেকেই গুম বা নিখোঁজ হয়ে যান। ৫ আগস্ট তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পদত্যাগ করে দেশত্যাগ করেন, কিন্তু তত দিনে হাজারো পরিবার তাদের স্বজন হারায়। ইতিহাসের পাতায় এ সময়কে কেউ কেউ তুলনা করছেন বর্বরতম রাষ্ট্রীয় নিপীড়ন হিসেবে।

‘Genocide’ শব্দটির উদ্ভাবক রাফায়েল লেমকিন ১৯৪৪ সালে এ ধারণাটি এনেছিলেন মূলত নাৎসি জার্মানির অত্যাচার বোঝাতে। তাঁর মতে, গণহত্যা মানে কেবল গুলি করে বা হত্যা করে মানুষ শেষ করা নয়; বরং একটি গোষ্ঠীর অস্তিত্ব নিশ্চিহ্ন করার পরিকল্পিত অভিযান। লেমকিনের সংজ্ঞা ১৯৪৮ সালের জাতিসংঘের সনদে গৃহীত হয়। তবে জাতিসংঘের গৃহীত সংজ্ঞায়নে জাতিগত বা ধর্মীয় গোষ্ঠীর ওপর নিধনকে গণহত্যা বলা হলেও রাজনৈতিক বা সামাজিক গোষ্ঠীর ওপর পরিকল্পিত নিপীড়নকে যুক্ত করা হয়নি। তবে লেমকিন নিজে দেখিয়ে গেছেন, হোক রাজনৈতিক আর জাতিগত গোষ্ঠী, যেকোনো সিস্টেমেটিক গোষ্ঠীকে নিশ্চিহ্ন করার উদ্দেশ্যে সংঘটিত হত্যাকাণ্ডই গণহত্যা।



২০২৪ সালে বাংলাদেশের ঘটনা বিশ্লেষণ করলে দেখা যায়, এখানে হত্যার মূল টার্গেট ছিল সরকারবিরোধী ছাত্রসমাজ ও তাদের সমর্থকগোষ্ঠী। রাষ্ট্রের সর্বোচ্চ পর্যায় থেকে স্পষ্ট নির্দেশে সশস্ত্র পুলিশ বাহিনী ও দলীয় ক্যাডাররা একত্রে নিরস্ত্র জনগোষ্ঠীর ওপর আক্রমণ করে। এটি লেমকিনের সেই মূল স্বর ‘একটি সুনির্দিষ্ট গোষ্ঠীকে নিশ্চিহ্ন করা’, এর সঙ্গে পুরোপুরি মিলে যায়।

গণহত্যা বিশ্লেষণে বহুল আলোচিত নাম সমাজতত্ত্ববিদ ইরভিং লুই হরোভিইটজ মনে করেন, রাষ্ট্রযন্ত্রের আমলাতান্ত্রিক কাঠামো ব্যবহার করে যদি কোনো গোষ্ঠীকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়, তা স্পষ্টতই গণহত্যা। এই সংজ্ঞার আলোকে আমরা দেখতে পারি, চব্বিশের জুলাই-আগস্টে বাংলাদেশের রাষ্ট্র-প্রণোদিত পুলিশ, র‍্যাব ও দলীয় ক্যাডারদের সমন্বিত অভিযানে নিরস্ত্র ছাত্র-জনতাকে যেভাবে টার্গেট করে, পরিকল্পনা করে হত্যা করা হয়েছে, তা-ও নিঃসন্দেহে গণহত্যা।

অন্যদিকে ডাচ আইনবিশারদ পিয়েতার এন দ্রস্ট বলেছেন, কোনো গোষ্ঠীর সদস্য হওয়াই যদি মৃত্যুর একমাত্র কারণ হয়, তবে সেটি অবশ্যই গণহত্যা; চব্বিশে আমরা দেখেছি সরকারবিরোধী আন্দোলনের অংশ নেওয়াটাই বাংলাদেশে অনেকের জন্য ‘অপরাধ’ হয়ে দাঁড়ায়। আবার প্রখ্যাত ইতিহাসবিদ থমাস আর্ল পোর্টার দেখিয়েছেন, কোনো গোষ্ঠীর সামাজিক বন্ধন ভেঙে দেওয়ার সুপরিকল্পিত চেষ্টা গণহত্যার বড় লক্ষণ; জুলাই-আগস্টের ওই সময়ে শিক্ষার্থীদের ঐক্য ধ্বংসে রাষ্ট্র যে পরিমাণ সহিংস পদক্ষেপ নিয়েছে, তা পোর্টারের বিশ্লেষণের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

গবেষক নেহেমিয়াহ রবিনসন, যিনি জাতিসংঘের ‘জেনোসাইড কনভেনশন’ ব্যাখ্যায় অগ্রণী ভূমিকা রেখেছেন, স্পষ্ট করে বলেন, যদি নির্দিষ্ট বৈশিষ্ট্যের কারণে মানুষকে বৈষম্যমূলকভাবে হত্যা করা হয়, সেটি গণহত্যা। আমরা দেখেছি, গত বছর ছাত্র পরিচয়ই ছিল প্রাণঘাতী শাস্তির প্রবল ভিত্তি।

আরেক ইতিহাসবিদ টনি বার্টা উল্লেখ করেছেন, রাষ্ট্র যখন ‘নিরাপত্তা’র নামে আসলে গোষ্ঠী ধ্বংসের কর্মসূচি গ্রহণ করে, তখন সেটি এক গণহত্যামূলক সমাজের ইঙ্গিত বহন করে। ২০২৪ সালে বাংলাদেশে আইনশৃঙ্খলা রক্ষার নামে যে নির্বিচার কায়দায় ছাত্র-জনতাকে হত্যা করা হয়েছে, তা নিঃসন্দেহে গণহত্যামূলক।

গণহত্যা গবেষক হেলেন ফ্রেটেনবাখ বলেন, কোনো পরিকল্পিত ব্যবস্থা যদি কোনো

এরপর ২০ পৃষ্ঠায়



# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাস্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# আশঙ্কা ও উদ্বেগের ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন

জিয়া আহমদ

গত জুলাই-আগস্টের সফল ছাত্র-গণঅভ্যুত্থানের সাত মাস পেরিয়ে যাওয়ার পর যখন দেশ মোটামুটি একটা স্থিতিশীল অবস্থায় পৌঁছেছে, তখন একটি জাতীয় সংসদ নির্বাচনের প্রয়োজনীয়তাকে আর কেউ এড়িয়ে যেতে পারছেন না। বর্তমান অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস গত কয়েক মাসে বারবার এ নির্বাচনের বিষয়ে মুখ খুলেছেন এবং মোটামুটিভাবে একটা টাইমলাইনও দেশবাসীর সামনে উপস্থাপন করেছেন। তিনি আশা প্রকাশ করেছেন, দেশের বিদ্যমান রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ভিত্তিতে প্রাক-নির্বাচনি কিছু সংস্কার সম্পন্ন করে আগামী ডিসেম্বর ২০২৫-২০২৬-এর প্রথমার্ধেই জাতীয় নির্বাচন অনুষ্ঠান করা হবে। তার মতে স্বল্প সংস্কারের বিষয়ে রাজনৈতিক দলগুলো মতামত দিলে ডিসেম্বর ২০২৫-এর মধ্যেই নির্বাচন হবে। আর তারা যদি আরও বেশি কিছু সংস্কার চান, তাহলে নির্বাচন ২০২৬-এর প্রথমার্ধে অনুষ্ঠিত হবে। দেশের বিদ্যমান রাজনৈতিক দলগুলো মোটামুটিভাবে এ প্রস্তাবকে গ্রহণ করেছে বলেই প্রতীয়মান হয়।

কিন্তু নবগঠিত রাজনৈতিক দল 'জাতীয় নাগরিক পার্টি'র শীর্ষ নেতৃত্ব এখনো এ বিষয়টা মানতে চাইছেন না। জাতীয় নির্বাচনকে বিলম্বিত করার এ প্রচেষ্টা তাদের তরফ থেকে কিন্তু নতুন না। তাদের নতুন দল গঠনের অনেক আগে থেকেই, যখন তারা 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের' সদস্য হিসাবে সক্রিয় ছিলেন এবং পরবর্তীকালে যখন তারা 'জাতীয় নাগরিক কমিটি' নামে আরেকটি সংগঠন তৈরি করে সেই সংগঠনের পক্ষ থেকে বক্তব্য দিয়েছেন, তখনো তারা নির্বাচন বিলম্বিত করার লক্ষ্যে নানা বক্তব্য দিয়েছেন। তাদের এ নির্বাচন পিছিয়ে দিতে চাওয়ার কারণটা কী?

৫ মার্চ 'জাতীয় নাগরিক পার্টির' মুখ্য সংগঠক (উত্তরাঞ্চল) সারজিস আলম বলেছেন, পতিত স্বৈরাচার শেখ হাসিনাকে বিচার করে মৃত্যুদণ্ড কার্যকরের আগে তারা জাতীয় সংসদ নির্বাচন হতে দেবেন না। এর পরপরই ৬ মার্চ, ২০২৫ তারিখে এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম রয়টার্সের সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেন, বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠান করা বর্তমান অন্তর্বর্তী সরকারের জন্য অত্যন্ত কঠিন হবে। এর আগে তাদের বক্তব্য ছিল সংস্কার শেষ না করে এদেশে কোনো নির্বাচন হতে দেওয়া হবে না। বস্তুত তারা যখন যে দাবিই তুলছেন, তা মানা না হলে 'জাতীয় সংসদ নির্বাচন' হতে দেবেন না বলে শর্তজুড়ে দিচ্ছেন। এতে মনে হওয়া অস্বাভাবিক না যে, জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠান না করাটাই মূল দাবি; আর উত্থাপিত দাবিগুলো মূলত দৃষ্টিকে অন্যত্র সরিয়ে নেওয়ার কৌশল।

স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতনের পরপরই যখন বিএনপি অবিলম্বে নির্বাচন অনুষ্ঠানের দাবি তুলেছিল, তখন থেকেই বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতারা এ দাবিকে নস্যাৎ করে দেন। বস্তুত দেশের জনগণও সে সময়ে নির্বাচনের দাবিকে সমর্থন করেনি। দেশের জনগণ নির্বাচন ও রাজনীতির ক্ষেত্রে কিছু প্রাতিষ্ঠানিক সংস্কার প্রত্যাশা করছিল, যাতে দেশে ভবিষ্যতে কোনো স্বৈরাচারী সরকার ক্ষমতায় আসতে না পারে বা কোনো নির্বাচিত সরকারও যাতে স্বৈরাচারী হয়ে উঠতে না পারে। বিএনপি দ্রুতই জনগণের এ প্রত্যাশা অনুধাবন করে এবং গণদাবির প্রতি শ্রদ্ধা জানিয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষণা দেন, তার দল অন্তর্বর্তী সরকারকে প্রয়োজনীয় সংস্কার কার্যক্রম শেষ করার জন্য যৌক্তিক সময় দেবে। দেশের জনগণ সে ঘোষণাকে স্বাগত জানায়। এরপর অন্তর্বর্তী সরকার দেশের প্রথিতযশা ও বিশিষ্ট নাগরিকদের আহ্বায়ক হিসাবে নিযুক্তি দিয়ে প্রথমে ৬টি ও পরে আরও ৯টি মোট ১৫টি সংস্কার কমিশন গঠন করে দেশের বিভিন্ন সেক্টরে প্রয়োজনীয় সংস্কারের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য। একটি সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও আইনগুলোর প্রয়োজনীয় সংস্কারের জন্য গঠিত সংস্কার কমিশনগুলো গত জানুয়ারিতেই সরকারের কাছে তাদের সুপারিশ সংবলিত রিপোর্ট দাখিল করেছে, যা এখন 'মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে' পাওয়া যাচ্ছে। বর্তমান সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সম্প্রতি বিবিসির সঙ্গে এক সাক্ষাৎকারে বলেছেন, তার নেতৃত্বে গঠিত 'ঐকমত্য কমিশন' দেশের জনগণের প্রতিনিধিত্বকারী দলগুলোর সঙ্গে ৬টি সংস্কার কমিশনের সুপারিশগুলোসহ সব সুপারিশ নিয়ে আলোচনা শেষে ঐকমত্যের ভিত্তিতে একটি 'জুলাই সনদ' স্বাক্ষর করবে। এই 'জুলাই সনদ' হবে দেশের সংস্কারের মূল ভিত্তি। দেশের রাজনৈতিক দলগুলো যেসব সংস্কারকে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের পরামর্শ দেবে, সেগুলো বর্তমান অন্তর্বর্তী সরকার কর্তৃকই অবিলম্বে বাস্তবায়িত হবে। অবশিষ্টগুলো পরবর্তী নির্বাচিত সরকার বাস্তবায়িত করবে। চমৎকার সিদ্ধান্ত!



কিন্তু সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে একটি সরকার গঠিত হলে সে সরকার দেশের জনগণের প্রত্যাশা অনুযায়ী দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নয়নসহ নানা গণমুখী কাজ শুরু করলে বর্তমানে যারা পতিত স্বৈরাচারের ফেলে যাওয়া স্থানে দখল বাণিজ্য, বদলি-পদায়ন বাণিজ্য ও চাঁদাবাজিসহ নানা অপকর্মে লিপ্ত আছে, তাদের ব্যবসা বন্ধ হয়ে যাবে। তাই তারা দেশে বিশৃঙ্খলা সৃষ্টির উদ্দেশ্যে পরিকল্পিতভাবে নানা নাশকতামূলক কাজ শুরু করে দিয়েছে। এসব কাজে তারা নানা ইসলামি ও প্রগতিশীলতার নতুন নতুন ব্যানার তৈরি করে পরিকল্পিতভাবে দেশের শান্তিশৃঙ্খলা পরিস্থিতিকে নাজুক পর্যায়ে নিয়ে যাওয়ার চেষ্টা করে যাচ্ছে। এবং এদের সঙ্গে অবধারিতভাবে (প্রকাশ্যে বা আড়াল থেকে) মদদ জুগিয়ে যাচ্ছে পতিত আওয়ামী লীগের কর্মী-সমর্থকরা। তাদের মূল পরিকল্পনা হলো দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিকে এমন

এরপর ২৪ পৃষ্ঠায়




আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি সম্ভব একটি জনপ্রিয় রাজনৈতিক দল সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে ক্ষমতায় আসার পর; কারণ জনসমর্থন ও নির্বাচনের মাধ্যমে প্রদত্ত 'ম্যান্ডেটের' কারণে তারা প্রকৃত অর্থেই ক্ষমতাশালী হবেন এবং তারা চাইলে যে কোনো খাতেই উন্নতি অবধারিত। বাংলাদেশে এ মুহূর্তে একটি সুষ্ঠু নির্বাচন করা খুবই প্রয়োজন। একটি নিরপেক্ষ সরকার হিসাবে ড. মুহাম্মদ ইউনূসের সরকার সে কাজটাই করতে চাচ্ছে। এতে কোনো কোনো রাজনৈতিক দল বা গোষ্ঠীর কোনো কোনো ক্ষেত্রে সমস্যা হলেও দেশের সামগ্রিক স্বার্থে ড. মুহাম্মদ ইউনূসকে সমর্থন ও তার উদ্যোগকে স্বাগত জানানো উচিত। এক্ষেত্রে কোনো ব্যত্যয় হলে সমগ্র জাতিকে দীর্ঘদিন ধরে অনেক মূল্য দিতে হতে পারে, সে কথা ভুললে চলবে না

# তবে কি সংস্কারের পুকুরে ডুবছে নতুন স্বাধীনতা?

এনামুল কবির শিশির

ইতিহাসের চাকা কখনো উল্টো ঘুরে না। আশ্চর্যের বিষয় হলো, পৃথিবীতে শুধু সময় পাল্টায়, কিন্তু ঘটনা বা পরিস্থিতি প্রায় একই রকম থাকে। সহজভাবে দেখলে মনে হবে, আমরা সবাই একই ধরনের প্রশ্নের উত্তর দিচ্ছি, শুধু সময়ের ব্যবধান ভিন্ন। যুগে যুগে বিপ্লব ঘটেছে, বিপ্লবীদের আত্মত্যাগের ফলে একসময় সাধারণ স্থান ইতিহাসের অংশ হয়ে উঠে অসাধারণ রূপে। কিন্তু আমরা কি কখনো ভেবে দেখেছি, বিপ্লব কেন সংঘটিত হয় ?



প্রতিটি বিপ্লবের পেছনে অসংখ্য কারণ থাকতে পারে, তবে একটি কারণ সর্বদা সাধারণ-তা হলো নিপীড়ন। মানুষ জন্মগতভাবে স্বাধীন; তার সহজাত প্রবৃত্তি হলো, শেষ মুহূর্ত পর্যন্ত তার স্বাধীনতার জন্য লড়াই করা। বাংলাদেশও এক অনন্য বিপ্লব দেখল ২০২৪ সালে, যখন ৫ আগস্ট দীর্ঘ দুই দশকের স্বৈরাচারী শাসনের অবসান ঘটে। আমরা সবাই জানি, এই বিপ্লব সহজে আসেনি-কোটি মানুষের নিপীড়িত আত্মা, ক্ষোভ, কষ্ট, যন্ত্রণা, গ্লানি এবং একঝাঁক অদম্য সাহসী তরুণের বুকের তাজা রক্তের বিনিময়ে অর্জিত হয় এই স্বাধীনতার নতুন সূর্যোদয়। সেই বিকেলে মানুষ রাস্তায় নেমে আসে উল্লাসে, ভয়হীন পরিবেশে, স্বৈরাচারের আতঙ্ক থেকে মুক্ত হয়ে।

কিন্তু প্রশ্ন থেকে যায়-এই বিপ্লব জনগণকে কীভাবে উপকৃত করবে? যারা এত বছর নির্যাতিত ছিল, তারা কীভাবে বিপ্লব-পরবর্তী সুবিধাভোগী শ্রেণিতে পরিণত হবে? আমরা স্বাধীনতাকে গণতন্ত্রের প্রতীক হিসেবে দেখি, যেখানে মানুষের অন্ন, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা, শিক্ষার পাশাপাশি মত প্রকাশের অধিকার নিশ্চিত থাকবে। তারা নিজেদের জনপ্রতিনিধি বেছে নিতে পারবে, যারা তাদের দুঃখ-কষ্ট বুঝবে এবং প্রকৃত প্রতিনিধিত্ব করবে। সুতরাং, একটি সুষ্ঠু নির্বাচনের আয়োজন করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যাতে মানুষ স্বাধীনভাবে তাদের মতামত দিতে পারে।

সংস্কার নাকি নির্বাচন?

বর্তমানে বাংলাদেশে বিপ্লব-পরবর্তী নতুন বিতর্কের কেন্দ্রবিন্দু হলো-সংস্কার নাকি নির্বাচন? সুকৌশলে এই দুটি বিষয়কে পরস্পরের প্রতিদ্বন্দ্বী বানিয়ে তোলা হচ্ছে, যা একপ্রকার কৃত্রিম প্রতিযোগিতা। সহজভাবে চিন্তা করলে বোঝা যায়, সংস্কার একটি দীর্ঘমেয়াদি প্রক্রিয়া, যা সময়ের সাথে সাথে জনগণের ইচ্ছা ও মতামতের ভিত্তিতে পরিচালিত হয়। তাহলে কেন আমরা সংস্কারকে একটি নির্দিষ্ট সময়সীমায় বেঁধে দিচ্ছি? সংস্কার কোনো ব্যক্তি বা নির্দিষ্ট সময়ের ওপর নির্ভরশীল নয়।



পৃথিবী তার নিজস্ব নিয়মে প্রতিনিয়ত পরিবর্তিত হচ্ছে। আজকের বিশ্বে উন্নয়ন, চতুর্থ শিল্প বিপ্লবের পরিবর্তন, কৃত্রিম বুদ্ধিমত্তা, সাইবার নিরাপত্তা এবং অন্যান্য প্রযুক্তিগত অগ্রগতি আমাদের সামনে নতুন বাস্তবতা হাজির করেছে। প্রতিটি পরিবর্তন সময়ের প্রয়োজনে এবং মানুষের কল্যাণের স্বার্থে হয়েছে। তাহলে একটি দেশ কেন সময় ও মানুষের ঊর্ধ্বে থাকবে? সংস্কার একটি চলমান প্রক্রিয়া, যা সময়ের চাহিদা অনুযায়ী পরিচালিত হওয়া উচিত। গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থার জন্য নির্বাচনের বিকল্প নেই। যেকোনো পরিবর্তন বা পরিবর্ধন নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমেই যৌক্তিকভাবে হওয়া উচিত।

কেন সংস্কার প্রত্যাশা অনুযায়ী হচ্ছে না?

বাংলাদেশে সংস্কার প্রত্যাশা অনুযায়ী হচ্ছে না, তার পেছনে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ কারণ রয়েছে:

১. রাজনৈতিক মতানৈক্য ও বিভাজন-বিপ্লব-পরবর্তী সময়ে বিভিন্ন রাজনৈতিক দল ও গোষ্ঠীগুলোর মধ্যে মতপার্থক্য স্পষ্ট হয়ে উঠেছে । সংস্কার নিয়ে একমত না হয়ে, তারা নিজেদের রাজনৈতিক স্বার্থ রক্ষার জন্য ব্যস্ত হয়ে পড়েছে।

২. প্রশাসনিক জটিলতা ও আমলাতান্ত্রিক বাধা-দীর্ঘদিনের স্বৈরাচারী শাসনের ফলে প্রশাসনের ভেতরে দুর্নীতি, অদক্ষতা ও স্বচ্ছতার অভাব দেখা দিয়েছে। সংস্কার কার্যকর করতে হলে প্রশাসনিক কাঠামোর ভেতরে ব্যাপক পরিবর্তন প্রয়োজন, যা সহজ কাজ নয়।

৩. স্বার্থান্বেষী গোষ্ঠীর বাধা-দীর্ঘদিনের সুবিধাভোগী কিছু শক্তিশালী গোষ্ঠী সংস্কারের বিরুদ্ধে কাজ করছে, কারণ এতে তাদের ক্ষমতা ও প্রভাব কমে যেতে পারে। তারা কৌশলে সংস্কারের অগ্রগতি ধীর করে দিচ্ছে।

৪. আন্তর্জাতিক রাজনৈতিক প্রভাব-বাংলাদেশের অভ্যন্তরীণ সংস্কার শুধু দেশের অভ্যন্তরীণ বিষয় নয়, বরং আন্তর্জাতিক রাজনীতির সাথেও গভীরভাবে সংযুক্ত। বিভিন্ন দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক স্বার্থ বাংলাদেশের সংস্কার প্রক্রিয়াকে প্রভাবিত করছে। আন্তর্জাতিক শক্তিগুলোর মধ্যে যাদের বাংলাদেশে অর্থনৈতিক ও কৌশলগত স্বার্থ রয়েছে, তারা সংস্কারের গতিপথ নির্ধারণে প্রভাব বিস্তার করছে।

৫. জনগণের হতাশা ও অস্থিরতা-জনগণ বিপ্লবের মাধ্যমে স্বৈরাচারের পতন ঘটিয়ে একটি সুস্পষ্ট পরিবর্তন আশা করেছিল। কিন্তু ধীর সংস্কার প্রক্রিয়া, মূল্যস্ফীতি, বেকারত্ব ও বাজারের অস্থিতিশীলতা তাদের মধ্যে হতাশা তৈরি করছে।

৬. নেতৃত্বের দ্বিধা-মধ্যবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বারবার বলেছেন, সংস্কার করতে হলে সময় লাগবে। কিন্তু এই প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, দ্রুত ও গণমুখী করা প্রয়োজন ছিল, যা এখনও হয়নি।

৭. সংস্কার নীতির স্বচ্ছতা ও

এরপর ২৯ পৃষ্ঠায়

সেই সূত্র ধরে সামাজিক মাধ্যমে বিএনপি এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের একটি কথা নজর কেড়েছে তা হলো- "সংসদের মাধ্যমে জনগণের কাছে জবাবদিহিতা করতে যে সরকার বাধ্য থাকবে, একমাত্র সেই সরকারের পক্ষেই সম্ভব মানুষের জন্য ভালো কিছু করা, দেশের জন্য ভালো কিছু করা।" এই উক্তির মতো অবস্থান যদি তৈরি করা সম্ভব হয় সকলের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে তাহলে আগামীর বাংলাদেশ হবে দায়বদ্ধতা এবং সমৃদ্ধির। এই সংকটময় মুহূর্তে, জনগণের সজাগ দৃষ্টি এবং সক্রিয় অংশগ্রহণই পারে স্বাধীনতাকে রক্ষা করতে। আসুন, আমরা সবাই মিলে সজাগ থাকি, যেন আমাদের কষ্টার্জিত স্বাধীনতা সংস্কারের নামে কোনো পুকুরে ডুবে না যায়


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com



# নিউইয়র্ক সিটি মেয়রের উদ্যোগে বাংলাদেশ হেরিটেজ উৎসব অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর

প্রবাসীরা ভুলেই গিয়েছিলেন এটি মেয়রের বাসভবনে অনুষ্ঠান। পরিনত হয়েছিল একখণ্ড বাংলাদেশে। মেয়র এরিক এডামস নিজ হাতে প্রবাসী খ্যাতিমান বেশ কয়েকজনকে অ্যাওয়ার্ড প্রদান করেন। এদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন সাবেক এমপি ও সাপ্তাহিক ঠিকানার সম্পাদক এমএম শাহিন ও কমিউনিটি একটিভিস্ট নুরুল আজিম। মেয়র এরিক এডামস সংক্ষিপ্ত

















বক্তব্যে বাংলাদেশি আমেরিকানদের ভূয়সী প্রশংসা করেন। আরও বক্তব্য রাখেন মেয়র অফিসের চীফ এডমিনিস্ট্রেটিভ অফিসার বাংলাদেশি মীর বাশার। বিশ্বের রাজধানী নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস সাধারণ মানুষের পাশে দাঁড়ানো একজন বাস্তববাদী, সংগ্রামী ও প্রগতিশীল নেতা। বাংলাদেশি-আমেরিকান কমিউনিটির সঙ্গে তাঁর রয়েছে আন্তরিক ও গভীর সম্পর্ক। তিনি বারবার এই কমিউনিটিকে সম্মান ও স্বীকৃতি দিয়ে চলেছেন।নিজের বক্তব্যে তিনি অকপটে স্বীকার করেন- বাংলাদেশি মানুষের অবদান নিউইয়র্ক সিটিকে সমৃদ্ধ করছে। তৃতীয় বারের মতো তার সরকারি বাসভবনে বাংলাদেশ হেরিটেজ ডে উদযাপিত হলো। এতে বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে ছিলেন শাহ নেওয়াজ, আতাউর রহমান সেলিম, কনসাল জেনারেল নাজমুল হুদা, মোহাম্মদ আলী,গিয়াস আহমেদ, নুরুল আজিম, ময়নুল হক চৌধুরী হেলাল, রোকন হাকিম, ফখরুল ইসলাম দেলোয়ার, কাজি আযম,কামরুজ্জামান কামরুল,কামরুল ইসলাম সনি, আব্দুর রশীদ বাবু,বক্তার সেলিম, আহসান হাবিব,নুরে আলম জিকু,জামিল আনসারী,সৈয়দ রাকি, আকতার বাবুল, শাহ জে চৌধুরী, শামীম আহমেদ ও সওগাত হোসেন।

## বরবাদ: শিশুদের নিয়ে না দেখার মতো ছবি

৪৪ পৃষ্ঠার পর

নীতু টাকা ছিনিয়ে কথাটা স্মরণ করিয়ে দিয়ে আরিয়ানের কাছে ছোট ছোট ছিন্নমূল শিশুদের জন্য কিছু অনুদান চায়। ট্রিককেস ভর্তি টাকা দেয় আরিয়ান। নীতু অবাক হয় আর এই সুযোগটা নেয় আরিয়ান এমনকী নীতুও! নীতু আর আরিয়ানের প্রেম বিয়েতে গড়ানোর আগেই শুরু হয় আরেক গল্প। জানা যায় আদিল মির্জার পুরনো পাপের কাহিনি।

'বরবাদ' ছবিতে বিরোধী দলীয় নেতা ছিলেন মামুনুর রশীদ,কাজী হায়াত, নীতুর বাবার চরিত্রে ফজলুর রহমান বাবু, আইনজীবীর চরিত্রে শহীদুজ্জামান সেলিম, আরিয়ানের বাবা আদিল মির্জার চরিত্রে মিশা সওদাগর, আরিয়ান মির্জার চরিত্রে শাকিব খান, নীতুর চরিত্রে ইধিকা পাল, আরিয়ান মির্জার প্রতিদ্বন্দ্বীর চরিত্রে যীশু সেনগুপ্ত ও তার ভাইয়ের চরিত্রে মানব এবং আরিয়ানের মামার চরিত্রে অভিনয় করেছেন ইন্তেখাব দিনার। শাকিব খান অভিনয়ের চেয়ে বেশি মনোযোগী ছিলেন নিজের গেটআপ ও মানুষের মনে ভয় ধরিয়ে দেয়ার দিকে। যীশু সেনগুপ্তও অভিনয়ে মনোযোগী ছিলেন না। ভয়ংকর বা ম্যানিয়াক টাইপ মানুষ বোঝানোর জন্য যীশু প্রথমে তার গার্লফ্রেন্ডের মা'কে ধর্ষণ করতে চায়। বাধা দিলে মা, মেয়ে, ঘরে আনা আরেকজন এমন কী পোষা কুকুরটাকেও রেহাই দেয়া হয়নি! যীশুকে পুড়িয়ে মারার চরিত্রেও তার কোনও অভিব্যক্তি ছিল না। ইধিকা পাল সারা ছবিতে ভালো করলেও গুলিবিদ্ধ হবার অভিব্যক্তি বা কথা বলার সময়ও তার যন্ত্রণার ছাপ খুঁজে পাওয়া যায়নি। মামুনুর রশীদ, কাজী হায়াত, ফজলুর রহমান বাবু,শহীদুজ্জামান সেলিম, মিশা সওদাগর এবং ইন্তেখাব দিনার বরাবরের মতো ভালো অভিনয় করেছেন। ভারতীয় অভিনেত্রী নুসরাত জাহান নায়ক শাকিব খানের সাথে একটি আইটেম গানে অংশ নিয়েছেন। ২০২৪ সালের ২০ অক্টোবর ভারতের মুম্বাইয়ে ইগোরা স্টুডিওতে 'বরবাদ' ছবির শুটিং শুরু হয়। আগে নাটক বানালেও মেহেদী হাসান হৃদয়ের প্রথম ছবি হিসেবে তিনি পুরোপুরি 'সিনেমাটিক' ছিলেন। ছবির চিত্রগ্রাহক ছিলেন ভারতের শৈলেশ আওয়াস্থি। ছবির কোরিওগ্রাফার হিসেবে কাজ করেছেন বলিউডের কোরিওগ্রাফার আদিল শেখ। এছাড়া অ্যাকশন দৃশ্য পরিচালনা করেছেন বলিউডের রবি ভার্মা ও স্টান্টে ছিলেন এজাজ শেখ। রিয়েল এনার্জি প্রডাকশন ও রিংখি সিংখি এন্টারটেইনমেন্ট-এর ব্যানারে এই ছবির প্রযোজনা করেছেন আজিম হারুন এবং শাহরিন আক্তার সুমি। 'তুফান'-এর পর এই ছবিতেও সুরকার প্রীতম হাসান ও নায়ক শাকিব খানের যুগলবন্দী দেখা গেছে। 'বরবাদ' ছবির 'দ্বিধা' গানটি লিখেছেন ইনামুল তাহসিন, সুর ও কণ্ঠ দিয়েছেন প্রীতম হাসান। 'প্রতি নিঃশ্বাসে নাম তোমার' শিরোনামের গান লিখেছেন ও সুর করেছেন জি এম আশরাফ এবং কণ্ঠ দিয়েছেন জি এম কবির। প্রীতম হাসানের লেখা ও সুর করা 'চাঁদমামা' গানে কণ্ঠ দিয়েছেন প্রীতম হাসান এবং অদিতি রহমান দোলা। রিতম সেনের লেখা রথিজিৎ ভট্টাচার্যের সুরে 'মায়াবী' গানটিতে কণ্ঠ দিয়েছেন ইমরান মাহমুদুল ও কোনাল।

জয় হোক বাংলা ছবির।

বরবাদ: ৫/১০

পরিচালনা: মেহেদী হাসান হৃদয়

অভিনয়ে: শাকিব খান ও ইধিকা পাল

প্রযোজনা: রিয়েল এনার্জি প্রডাকশন ও রিংখি সিংখি এন্টারটেইনমেন্ট

পরিবেশক: রিয়েল এনার্জি প্রডাকশন

মুক্তি: ৩১ মার্চ ২০২৫

## $328 Million NYS Attorney General Settlement Fund for 2014 - 2017 UBER/LYFT DRIVERS!

## ৩২৮ মিলিয়ন ডলার নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল সেটেলমেন্ট ২০১৪ - ২০১৭ UBER/LYFT ড্রাইভারদের জন্য ফান্ড!

**60,000 DRIVERS ALREADY RECEIVED THEIR MONEY!**

## ৬০,০০০ ড্রাইভার ইতিমধ্যেই তাদের অর্থ পেয়েছেন!

# আপনার অর্থ দাবি করুন!

# CLAIM YOUR MONEY!

আপনি যদি Uber (**১০ নভেম্বর, ২০১৪ থেকে ২২ মে, ২০১৭ পর্যন্ত যেকোনো সময়**) অথবা Lyft (**১১ অক্টোবর, ২০১৫ থেকে ৩১ জুলাই, ২০১৭ পর্যন্ত যেকোনো সময়**) এর জন্য কাজ করে থাকেন, তাহলে ৩১ মার্চের মধ্যে নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের ৩২৮ মিলিয়ন ডলার Uber/Lyft সেটেলমেন্ট ফান্ডের জন্য আপনার অর্থ পেতে আবেদন করুন! Uber এবং Lyft যাত্রীদের কাছ থেকে চার্জ করার পরিবর্তে চালকদের বেতন থেকে BCF সারচার্জ এবং বিক্রয় কর অবৈধভাবে নিয়েছে। **৬০,০০০+ ড্রাইভার ইতিমধ্যেই তাদের অর্থ পেয়েছেন কিন্তু ৩০,০০০ ড্রাইভার এখনও অর্থ পাননি।** যারা এখনও অর্থ পাননি এখনই তাদের দাবি দাখিল করতে হবে। নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল NYTWA-কে ৩১ মার্চের মধ্যে শেষ ড্রাইভারদের আবেদন করতে সাহায্য করার জন্য অনুরোধ করেছেন। **NYTWA রবিবার থেকে শুক্রবার সকাল ১১টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত সশরীরে পরিষেবা প্রদান করছে।**

আপনি যদি এখন আর Uber বা Lyft-এর জন্য কাজ না করেন, নিষ্ক্রিয় হয়ে পড়েন, অথবা মার্কিন যুক্তরাষ্ট্র থেকে চলে গেছেন, তাতে কিছু যায় আসে না। যদি ড্রাইভার মারা যান, তাহলে জীবিত পরিবারের সদস্যরা আবেদন করতে পারেন। যে ড্রাইভাররা তাদের সেটেলম্যন্টের সময়কালে উভয় কোম্পানিতে কাজ করেছিলেন তারা উভয় কোম্পানি থেকে অর্থ পাবেন আলাদা।

NYTWA অভিযোগ দায়ের করেছে যার ফলে NYS অ্যাটর্নি জেনারেলের অফিস থেকে তদন্ত শুরু হয়। NYTWA ৩টি মামলা দায়ের করে এবং সাড়ে আট বছর ধরে লড়াই করে। কোনও ড্রাইভারকে পিছনে রাখা উচিত নয়। ৩১ মার্চের মধ্যে এসে আপনার দাবি আদায়ের জন্য অর্থ ফেরত পাওয়ার জন্য আবেদন করুন। এটি আবেদন করা হয় বিনামূল্যে এবং ব্যক্তিগত তথ্য গোপনীয়।

আমরা কথা বলি: স্প্যানিশ, ম্যান্ডারিন, বাংলা, রাশিয়ান, ফরাসি, নেপালি, উর্দু/পাঞ্জাবি, আরবি, এবং আরও অনেক ভাষায়।

**NEW YORK TAXI WORKERS ALLIANCE**

- **Hours**: 11AM – 7PM Sunday to Friday
- **Address**: 31-10 37th Ave, LIC, NY 11101
- **Phone**: 718-706-9892
- Bring two photo IDs

নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিস NYTWA-কে সেই ড্রাইভারদের সাথে যোগাযোগ করার জন্য নিযুক্ত করেছে যারা এখনও দাবি দায়ের করেননি। নিউ ইয়র্ক স্টেট পার্সোনাল প্রাইভেসি প্রোটেকশন আইন অনুসারে, আপনার নাম বা ঠিকানার মতো যেকোনো ব্যক্তিগত তথ্য, NYTWA-কে শুধুমাত্র আপনার পেমেন্ট প্রক্রিয়া করার জন্য ব্যবহার করা হবে। NYTWA-তে কেউ আপনার ব্যাংকিং তথ্য চাইবে না। অ্যাটর্নি জেনারেলের অফিসের নির্দেশ অনুসারে, রাস্ট কনসাল্টিং থেকে আপনার পেমেন্ট প্রক্রিয়া করার জন্য NYTWA আপনার ব্যক্তিগত তথ্য কেবল ততক্ষণের জন্য একটি নিরাপদ ডাটাবেসে সংরক্ষণ করবে যতক্ষণ প্রয়োজন। ডেটা সুরক্ষা, গোপনীয়তা, অথবা আপনার ব্যক্তিগত তথ্য জমা দেওয়ার বিষয়ে আপনার যদি কোনও উদ্বেগ থাকে, তাহলে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এজি অফিসের সাথে যোগাযোগ করুন।

# PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

## CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



# COMMITTED HOME CARE



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

**PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত FACILATOR হিসেবে CDPAP সার্ভিস TRANSFER এ সহযোগিতা করে থাকি।**

## আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট **833-247-5346** নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য **COMMITTED HOME CARE** নাম উল্লেখ্য করতে হবে।



**Giash Ahmed**
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

## CORPORATE OFFICE:

37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

# EU has ‘strong plan’ to retaliate to US tariffs if ‘necessary’

Ajkal Desk



EU chief Ursula von der Leyen said today the bloc still hopes for a "negotiated solution" to US tariffs looming this week, but that "all instruments are on the table" to hit back if necessary.
"We are open to negotiations," the European Commission chief told a European Parliament session, "but we have a strong plan to retaliate if necessary."
US President Donald Trump is set to announce a new raft of tariffs against multiple countries as early as tonight, in what he has dubbed a "Liberation Day" to redress supposedly unfair trade imbalances.
"We will assess the announcements carefully to calibrate our response," said von der Leyen, adding she had been consulting with EU leaders on the "next steps."The commission leads the 27-country bloc's trade policy and has been in charge of discussions with the United States to avoid a trade war.
"Europe has not started this confrontation," said von der Leyen.
"Our objective is a negotiated solution. But of course, if need be, we will protect our interests, our people and our companies." Europe will respond with "unity and determination," she promised.
Trump's aggressive tariffs strategy is fuelling fears of a global trade war, risking a chain reaction of retaliation by major trading partners like China, Canada and the European Union.
The EU has already been hit by several US tariff announcements since Trump returned to office in January, including a 25-percent levy on auto imports coming into force on Thursday.
The bloc's producers were also affected by a 25-percent US tariff on steel and aluminium from around the world -- to which Brussels has already promised countermeasures to begin in mid-April.



## Shakib's simple Eid with family and friends

Ajkal Desk

Two of Shakib Khan's films were released in cinemas this Eid-ul-Fitr– "Borbaad" and "Antaratma". Dhallywood's Superstar shared that he did not have any special plans on the occasion. However he spent time with family and friends which is one of the essential things he does at the festivals.
"I never really have many plans for Eid. In the morning, I go for prayers. After returning, the first thing I eat is payesh cooked by my mother, which is my absolute favourite. Apart from that, I enjoy various home-cooked dishes." As he keeps track of how his released films are going to the theatres, he also greets relatives. "In the afternoon, I checked on my film that has been released for Eid. I also tried to find out how it performed in different cinemas on the first day. Relatives visited our home, and I spent time with them, chatted and caught up with everyone." Shakib also said that he usually likes to talk to his friends from both home and abroad on the occasion. "I also talked to my friends from both home and abroad. Since I don't have any shoots scheduled abroad this time, I am in the country at home and this is what my Eid day usually looks like."

## China visit a ‘success’ for govt: Fakhrul

Ajkal Desk



BNP Secretary General Mirza Fakhrul Islam Alamgir today praised the interim government's recent visit to China as a "major success", noting Beijing's commitment to increased investment in Bangladesh.
"China's shift from unilateral ties with a single party to engaging with all political parties is a promising development," he said while speaking to journalists at his residence in Thakurgaon's Kalibari.
"China is a prosperous and the second largest trading country. China has promised to continue investing in Bangladesh's business sector in the coming days. This is undoubtedly hopeful for us," he said.
Stating that reforms and elections are two distinct processes, he said, "Reforms will follow their own course, and elections will proceed accordingly."
Fakhrul highlighted the interim government's origins, noting that it came to power with the BNP's support following a mass uprising by students and the public. He elaborated on the government's reform initiatives, including the establishment of a reform commission tasked with proposing changes to the state system.
"We have thoroughly reviewed, observed, and tested the commission's proposals. BNP has submitted its opinions, which will be discussed further with other political parties," he said.
The BNP leader revealed plans for a "Charter of Reform" to be finalised before the upcoming election, with political parties signing the document.
He explained that elected representatives would be responsible for implementing the agreed-upon reforms.
When asked about the possibility of elections this year, Fakhrul expressed optimism, citing the chief adviser's intention to hold elections by December.
Fakhrul reiterated BNP's focus on strengthening its connection with the people, highlighting the party's efforts to present its 31-point agenda nationwide.
He assured that BNP's political activities would continue post-Eid, as they had during Ramadan.

# NYC Offering Jobs On The Spot

Ajkal Desk

The New York City Administration for Children's Services is holding a hiring event at the end of April to fill vacant positions.
Job seekers chosen for an interview will meet hiring managers at the ACS's borough office in Manhattan and may be given conditional job offers on the spot.
